দৈনিক আমাদের সময়

তারিখ 08 JAN 2018
পৃষ্ঠা ... কলাম ...

# মাহাবুবুর রহমান মাউশির নতুন মহাপরিচালক

নিজস্ব প্রতিবেদক ●
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) নতুন মহাপরিচালক হিসেবে নিয়োগ পেয়েছেন প্রফেসর মাহাবুবুর রহমান। গতকাল শিক্ষা মন্ত্রণালয় এ সংক্রান্ত অফিস আদেশ জারি করে। তিনি প্রফেসর এসএম ওয়াহিদুজ্জামানের স্থলাভিষিক্ত হলেন। বিকালে মাউশির কর্মকর্তা-কর্মচারীরা নতুন মহাপরিচালককে ফুল দিয়ে অভ্যর্থনা জানান।

মাহাবুবুর রহমান এতদিন ঢাকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ডের চেয়ারম্যান হিসেবে কর্মরত ছিলেন। বিসিএস শিক্ষা ক্যাডারের সপ্তম ব্যাচের ঐ কর্মকর্তা এর আগে সরকারি রাজেন্দ্র কলেজে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেন। ছিলেন সরকারি বিএম কলেজেও। ২০১৬ সালের ১৭ এপ্রিল তিনি ঢাকা বোর্ডের চেয়ারম্যান হন। সর্বশেষ তিনি মাউশির মহাপরিচালক হলেন। এটি বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের শীর্ষ পদ হিসেবে বিবেচিত আর দপ্তর হিসেবে গ্রেড-১ পদ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম ম্যানেজার | |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| | |

স্বাক্ষর